

Class – 3

Subject – 2nd Language Bengali

Chapter – গল্প – আবদুল মাঝির গল্প

Answer Sheet

1. সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও:-

I) আবদুল মাঝি গল্পটির লেখকের নাম কী—

- i) স্বামী বিবেকানন্দ
- ii) রবীন্দ্রনাথ ঠাকুর ✓

II) মাঝি শব্দের অর্থ কী—

- i) নৌকা চালক ✓
- ii) বাস চালক

III) কালবৈশাখী কখন এসেছিল—

- i) চৈত্র মাসে ✓
- ii) মাঘ মাসে

IV) কে জলের তোড়ে ভেসে গিয়েছিল—

- i) আবদুল মাঝি
- ii) নেকড়ে বাঘ ✓

V) আবদুল মাঝি লেখককে মোট কয়টি গল্প বলেছিলেন—

- i) পাঁচটি
- ii) তিনটি ✓

2. বামদিকের শব্দগুলির সাথে ডানদিকের শব্দগুলি গল্প অনুযায়ী জুড়ে দাও:-

- I) সে দাদাকে এনে দিত পদ্মা থেকে ইলিশ মাছ → পাকুড় গাছে
- II) ঝড়ের সময় সে উঠেছিল ওপারে গঞ্জের ঘাটে → পেটে দিই দাঁড়ের খোঁচা
- III) দমকা হাওয়া যেমনি লাগল → আর কচ্ছপের ডিম
- IV) গোঁ গোঁ করতে থাকে → মোকাবিলা করা যেত
- V) বন্দুক থাকলে → গাছ পড়ল ভেঙে পদ্মায়

3. শূন্যস্থান পূরণ কর:-

- I) ভীষণ তুফান নৌকো ডোবে ডোবে।
- II) দেখি এক নেকড়ে বাঘ ইয়া তার গোঁফজোড়া ।
- III) দশ-পনেরো ঘণ্টার রাস্তা দেড় ঘণ্টায় পৌঁছিয়ে দিলে।
- IV) জলের উপর তার নাকের ডগা দেখেছি অনেকবার।
- V) লাইসেন্স ফুরিয়ে গেছে।

4. সংক্ষিপ্ত উত্তর দাও:-

I) আবদুল মাঝি গল্পে, আবদুল মাঝিকে দেখতে কেমন ছিল?

Ans: - আবদুল মাঝি গল্পে, আবদুল মাঝির দাড়ি ছিল ছুঁচলো, গোঁফ ছিল কামানো এবং মাথা ছিল নেড়া।

II) আবদুল মাঝি লেখকের দাদাকে কী এনে দিতেন?

Ans: - আবদুল মাঝি লেখকের দাদাকে পদ্মা থেকে ইলিশ মাছ এবং কচ্ছপের ডিম এনে দিতেন।

III) আবদুল মাঝি নদীতে ডুবন্ত নৌকাটিকে কীভাবে চরে টেনে তুলে ছিল?

Ans: - আবদুল মাঝি নদীতে ডুবন্ত নৌকাটিকে দাঁতে রশি চেপে ধরে টেনে নিয়ে গিয়ে চরে তুলে ছিল।

IV) আবদুল মাঝি গল্পে, ঝড়ের সময় নেকড়ে বাঘটি কোথায় উঠেছিল?

Ans: - আবদুল মাঝি গল্পে, ঝড়ের সময় নেকড়ে বাঘটি ওপারে গঞ্জের ঘাটে, পাকুড় গাছে উঠেছিল।

V) আবদুল মাঝি গল্পে, কে কুমিরের পিঠে এক লাফ দিয়ে বসেছিল?

Ans: - আবদুল মাঝি গল্পে, কাঁচি বেদেনি কুমিরের পিঠে এক লাফ দিয়ে বসেছিল।

5. নীচের শব্দগুলির অর্থ লেখো:-

শব্দ	অর্থ
I) চন্ডিৰ মাস	চৈত্র মাস
II) ডিঙি	ছোটো নৌকো
III) তুফান	প্রবল ঝড় বৃষ্টি
IV) গুণ	নৌকো টানার দড়ি
V) ঠ্যাং	পা
VI) বিচ্ছিরি	বিশ্রী
VII) আও	চলে আসো
VIII) রশি	দড়ি
IX) গঞ্জ	হাট
X) কাছি	মোটা শক্ত দড়ি

6. নীচের শব্দগুলি দিয়ে বাক্য রচনা কর:-

- I) বই - আমি **বই** পড়তে ভালোবাসি।
- II) ফুল - গোলাপ **ফুল** দেখতে খুব সুন্দর।
- III) সূর্য - **সূর্য** পূর্ব দিকে ওঠে।
- IV) মেঘ - আকাশে **মেঘ** জমেছে।
- V) রাত্রি - **রাত্রি** বেলা সাবধানে চলা উচিত।

7. নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখো:-

<u>শব্দ</u>		<u>বিপরীত শব্দ</u>
I)	গ্রাম	শহর
II)	জল	স্থল
III)	তরল	কঠিন
IV)	সার্থক	ব্যর্থ
V)	পন্ডিত	মূর্খ
VI)	ধনী	দরিদ্র
VII)	যুদ্ধ	শান্তি
VIII)	আসল	নকল
IX)	ভালো	মন্দ
X)	ইচ্ছা	অনিচ্ছা
